



SLST Bengali (IX-X)

অনুবাদ অনুষঙ্গ আন্তর্জাতিক সাহিত্য

উইলিয়াম শেক্সপীয়র (১৫৬৪-১৬১৬)

উইলিয়াম শেক্সপীয়র (১৫৬৪-১৬১৬)

পিতা -জন শেক্সপীয়র

মাতা -মেরী আর্ডেন

শিক্ষা -stratford শহরের অবৈতনিক গ্রামার স্কুলে প্রাথমিক শিক্ষা গ্রহণ করে।

ইংরেজি সাহিত্যে অন্যতম উজ্জ্বল নক্ষত্র ছিলেন কবি ও নাট্যকার উইলিয়াম শেক্সপীয়র। ১৫৬৪ খ্রিষ্টাব্দে ইংল্যান্ডের স্টার্টফোর্ডে (stratford on Avon) শহরে জন্মগ্রহণ করেন। জায়গাটি avon নদীর তীরে অবস্থিত বলে তাকে The Bird of Avon বলা হয়। তিনি ছিলেন এলিজাবেথীয় যুগের সর্বশ্রেষ্ঠ নাট্যকার, তবে তিনি কবিও ছিলেন। তিনি প্রথম 'বারবেজ নাট্য কোম্পানি' তে অভিনেতা হিসাবে যোগ দেন। তিনি 'লর্ড চেম্বারলেন'স ম্যান' (Lord Chamberlain's Company of Actor) নাট্য কোম্পানির সদস্য রূপে গৃহীত হন। এলিজাবেথের মৃত্যুর পর প্রথম জেমসের আমলে শেক্সপীয়রের খ্যাতি বৃদ্ধি পায়। এই সময় তার দলের নতুন নাম হয় The Kings Company।

তার মোট ৩৮ টি নাটক এবং ১৫৪ টি সনেট পাওয়া যায়।

সাহিত্য কর্ম -১৬২৩ ফার্স্ট ফোলিও তে প্রকাশিত তার ৩৬টি নাটককে তিনটি শ্রেণিতে ভাগ করা যায় যথা -কমেডি, ট্র্যাজেডি ও ঐতিহাসিক নাটক। পরবর্তীকালে 'কিন্সমেন ও পেরিক্লিস' এবং প্রিন্স অফ টায়ার নাটক দুটো সংকলনে যুক্ত হয়।

শেক্সপীয়রীয় বিয়োগান্তক নাটক বা ট্র্যাজেডি:- মোট -৭টি

প্রথম ট্র্যাজেডি -Titus Andronicus-1594

রোমিও অ্যান্ড জুলিয়েট (১৫৯৪),

ম্যাকবেথ-১৬০৬

হ্যামলেট (১৬০১),

কিং লিয়র (১৬০৫)
ওথেলো (১৬০৪)
অ্যান্টনি অ্যান্ড ক্লিওপেট্রা (১৬০৬),

কমেডি বা মিলনান্তক নাটক:-মোট ১৫/১৬ প্রথম কমেডি -The comedy of errors -1593
অ্যাজ ইউ লাইক ইট (১৬০০), লভ'স লেবার'স লস্ট(১৫৯৪), দি মার্চেন্ট অফ ভেনিস (১৫৯৬), আ
মিডসামার নাইটস ড্রিম (১৫৯৬), দি টেম্পেস্ট (১৬১১), টুয়েলফথ নাইট (১৬০১), দি টু জেন্টলম্যান অফ
ভেরেনা (১৫৯৪), দি উইন্টার'স টেল (১৬১০), সিমবেলিন (১৬১০) ইত্যাদি।

ডার্ক কমেডি বা প্রবলেম কমেডি -ট্রয়লাস এন্ড ফ্রেসিডা, All's well that Ends Well, Measure for
measure এই তিনটি নাটকে তিক্ততা ও নিরাশা প্রধান হয়ে উঠেছে।

শেক্সপীয়র এর অন্তিম পর্বের নাটক গুলোকে ট্রাজিককমেডি বলে। যথা -cymbeline -1610, The winter's
tale -1610, The Tempest 1611

ঐতিহাসিক নাটক বা হিস্ট্রি: মোট ১০টি

কিং জন (১৫৯৬)ইংল্যান্ড এর ইতিহাসাশ্রয়ী , রিচার্ড দি সেকেন্ড (১৫৯৬), রিচার্ড দি থার্ড (১৫৯২)ইংল্যান্ড এর
ইতিহাসাশ্রয়ী , হেনরি iv(২part)ইংল্যান্ড এর ইতিহাসাশ্রয়ী (১৫৯৭),# প্রথম ঐতিহাসিক নাটক -হেনরি দি
সিক্সথ (১৫৯১), জুলিয়াস সিজার (১৫৯৯)রোম ইতিহাসাশ্রয়ী , ইত্যাদি।

গ্রীক ইতিহাসাশ্রয়ী নাটক -pericles 1608 এবং Timon of Athense 1608

কাব্য কবিতা:

সনেটগুচ্ছ (১৬০৯), প্রথম কাব্যগ্রন্থ -ভেনাস অ্যান্ড অ্যাডোনিস (১৫৯৩) উৎসর্গ Earl of southampton কে

দ্বিতীয় কাব্য -দি রেপ অফ লুক্রিসি (১৫৯৪) এই দুটো কাব্য আখ্যানধর্মী কাব্যশেক্সপীয়রের সনেটগুলি
১৫৯৩-১৬০০ খ্রিষ্টাব্দের মধ্যে রচিত।

মোট সনেট সংখ্যা ১৫৪টিএর মধ্যে পৃষ্টপোষক Earl of Southampton কে নিয়ে লেখা ১২৬টি বাকি ২৬টি
ডার্ক লেডি কে নিয়ে লেখা।

১৬০৯ খ্রিষ্টাব্দে Thomas Thorpe কর্তৃক তা গ্রন্থাকারে প্রকাশিত হয়।

নাট্য সংকলন - ফার্স্ট ফোলিও ১৬২৩

শেক্সপীয়র এর গ্রন্থের প্রথম সম্পাদক নিকোলাস রো

শেক্সপীয়রের নাটকে কিছু বিখ্যাত চরিত্র

'অ্যান্টনি'- অ্যান্টনি অ্যান্ড ক্লিওপেট্রা (১৬০৬)

'সিজার' - জুলিয়াস সিজার (১৫৯৯)
ফলস্টাফ - হেনরি দি iv (১৫৯৭)
'হ্যামলেট'- হ্যামলেট (১৬০১)
'ফেস্টে' - টুয়েলফথ নাইট (১৬০১)
ডেসডিমোনা, ইয়োগো - ওথেলো (১৬০৪)
'জেকুইস, টাচস্টোন, রোজালিন্ড - 'অ্যাজ ইউ লাইক ইট (১৬০০)'
মিরান্দা, ডিউক প্রম্পেরো - দি টেম্পেস্ট (১৬১১)
শাইলক, পোশিয়া - দি মার্চেন্ট অফ ভেনিস (১৫১৬)
কার্ডেলিয়া - কিং লিয়ার (১৬০৫)

#শেক্সপীয়ার এর ট্র্যাজেডির দুটো কেন্দ্রীয় প্রতীক বড় এবং সংগীত

বাংলা সাহিত্যে উইলিয়াম শেক্সপীয়ারের প্রভাবঃ

১. রবীন্দ্রনাথের 'রাজা ও রাণী' নাটকের বিক্রমদেব ও 'বিসর্জন' নাটকের রঘুপতি চরিত্রে প্রভাব পড়েছে শেক্সপীয়ার সৃষ্ট দুই চরিত্রের - অ্যান্টনী ও ইয়োগোর।
২. শেক্সপীয়ারের নাটক সর্বপ্রথম বাংলায় অনুবাদ করেন হরচন্দ্র ঘোষ। তিনি 'মার্চেন্ট অফ ভেনিস'-ভানুমতি চিত্তবিলাস নামে ১৮৫২ এবং 'রোমিও অ্যান্ড জুলিয়েট'-চারুমুখ চিত্তহারা নামে ১৮৬৪ অনুবাদ করেন।
৩. দ্বিজেন্দ্রলাল রায়ের 'সাজাহান' নাটকে - 'কিং লিয়ার' নাটকের প্রভাব
৪. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১৮৭৯ খ্রিষ্টাব্দে শেক্সপীয়ারের 'দি টেম্পেস্ট' এর অনুবাদ করেন নলিনী বসন্ত নামে
৫. বিদ্যাসাগর শেক্সপীয়ারের 'কমেডি অফ এরস' অবলম্বনে রচনা করেছিলেন 'ব্রাহ্মবিলাস'।
৬. শেক্সপীয়ারের 'ম্যাকবেথ' নাটকের অনুবাদক গিরীশচন্দ্র ঘোষ। এছাড়া হরলাল রায় ম্যাকবেথ এর অনুবাদ করেন - 'রুদ্রপাল' নামে - ১৮৭৪
৭. 'অ্যাজ ইউ লাইক ইট', 'মার্চেন্ট অফ ভেনিস' ও 'আ মিড সামার নাইটস ড্রিম' -এর অনুবাদক নবকুমার ভট্টাচার্য।
৮. মধুসূদনের 'শর্মিষ্ঠা', 'পদ্মাবতী' নাটকে - 'হ্যামলেট' ও 'অ্যাজ ইউ লাইক ইট' নাটকের প্রভাব।
৯. দীনবন্ধু মিত্রের 'লীলাবতী' নাটকে - 'রোমিও জুলিয়েট' নাটকের প্রভাব
১০. জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'অশ্রমতী' নাটকে - 'ওথেলো' নাটকের প্রভাব এছাড়া জুলিয়াস সিজার নাটকের অনুবাদ করেন ১৯০৭
১১. গিরিশচন্দ্র ঘোষের 'জনা' নাটকে - 'রিচার্ড দি থার্ড' নাটকের প্রভাব।
১২. A midsummer night dream এর অনুবাদ করেন উৎপল দত্ত চৈতালি রাতের স্বপ্ন নামে।

Important SAQ question

১। 'কার্ডেলিয়া' শেক্সপীয়ারের কোন বিখ্যাত নাটকের চরিত্র ? (কিং লিয়ার)

- ২। বিদ্যাসাগরের 'ব্রাহ্মবিলাস' শেক্সপীয়রের কোন বিখ্যাত নাটক অবলম্বনে রচিত ? (কমেডি অফ এরস)
- ৩। শেক্সপীয়রের 'জুলিয়াস সিজার' কী ধরনের নাটক ?(রোম ঐতিহাসিক নাটক)
- ৪। শেক্সপীয়র কোন সময়কার লেখক ছিলেন ?(এলিজাবথীয় যুগের)
- ৫। বার্ড অফ অ্যান্ডন নামে পরিচিত কোন লেখক ? (উইলিয়াম শেক্সপীয়র) ও ইংল্যান্ড এর জাতীয় কবি হিসাবেও পরিচিত।
- ৬। তাঁর কোন নাটকের চরিত্র 'মিরান্দা' ?(দ্যা টেম্পেস্ট)
- ৭। দ্বিজেন্দ্রলাল রায়ের 'শাজাহান' নাটকে শেক্সপীয়রের কোন নাটকের প্রভাব লক্ষ্য করা যায় ? (কিং লিয়ার)
- ৮। "To be or not to be. That is the question." বিখ্যাত সংলাপটি কোন নাটকের ? (হ্যামলেট)
- ৯। 'মার্চেন্ট অফ দ্য ভেনিস ' কী ধরনের রচনা ? (কমেডি)
- ১০। শেক্সপীয়রের পিতার নাম কী ছিল ? (জন শেক্সপীয়র)

.....

www.shekhapora.com

